দৈনিক খবর

তারিখ ... 15 JUN 1991 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬

9

### জালিয়াতির মাধ্যমে

# মহিলা কলেজ হোস্টেল বিক্রির অভিযোগ

31

পাবনা, ১৩ই জুন (নিজস্ব সংবাদদাতা)।– পাবনার সরকারী মহিলা কলেজ হোস্টেল জালিয়াতির মাধ্যমে বিক্রি করে দেয়ার এক গুরুতর অবিযোগ পাওয়া গেছে। প্রকাশ, খতিয়ান ৯৬/৮৪ দাগ নং ১৬৩১৬৪/১৬৬ জমির পরিমাণ ১১০/০৭০০/০০৫০ মোট ১৮৫০ সহস্রাংশে.... মৌজা সোপনপুর এই জমিসহ দোতলা বাড়ী ১৯৬৫ সালের পর তৎকালীন শত্রু সম্পত্তি হিসেবে সরকার অধিগ্রহণ করেন। যার ভিপি ফিস কেস নং-২২১ (পাব) ৬৬-৬৭। সরকার পরবর্তীতে অর্পিত সম্পত্তি হিসেবে দালান ও জমিটি সরকারী মহিলা কলেজের হোস্টেল হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর করেন। অভিযোগে জানা গেছে, ইতিমধ্যে অর্পিত সম্পত্তি বিভাগের তৎকালীন সহকারী আবদুল ওয়াদুদের সহায়তায় জনৈকা শাহিদা খাতুনের নামে একটি জাল দলিল করা হয়। উক্ত জাল দলিলের ওপর ভিত্তি করে অতিরিক্ত জেলা প্রশাসকের (রাজস্ব) স্মারক নং ২২৩ (রেভঃ) (২) ভিপি মারফত ছাড় করানোর জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ সম্পত্তি ছাড় করানোর জন্য বিভিন্ন মহলে উক্ত সহকারী আঃ ওয়াদুদ তদ্বির করেন বলে জানা গেছে।

বিশেষ ব্যবস্থার মাধ্যমে ২৩/৪/৮৫ তারিখে ৫৫০/৮৪ নম্বর স্মারকে ভূমি মন্ত্রণালয় সম্পত্তিটির ছাড় প্রদান করেন। এ সময় জাল দলিলকারী শাহিদা বেগম সম্পত্তিটি রিকুইজিসন করান এবং কয়েক লাখ টাকা সরকারের নিকট থেকে গ্রহণ করে সম্পত্তিটি কলেজ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। এই জালিয়াতির সুষ্ঠু তদন্ত হওয়া উচিৎ বলে অভিজ্ঞ মহল মনে করেন।